


ধানের সবুজ পাতাফড়িং/টুংরো দমনে করণীয়

ধানের সবুজ পাতাফড়িং বাচ্চা ও পূর্ণবয়স্ক অবস্থায় ধানের পাতার রস শুষে খায়। ধান গাছ কুশি অবস্থায় বেশী আক্রান্ত হয়। সব মৌসুমে এই পোকাকার প্রাদুর্ভাব দেখা যায়। ক্ষতিগ্রস্ত গাছ হলুদ ও খাটো হয়ে যায়। রোপা আমন মৌসুমে ধানের টুংরো ভাইরাস ধানের একটি ক্ষতিকর রোগ যা সবুজ পাতাফড়িং এর মাধ্যমে ছড়িয়ে থাকে। সবুজ পাতাফড়িং ইয়ালো ডুয়ার্ফ ও অরেঞ্জ লীফ নামক ভাইরাস রোগও ছড়ায়। সাধারণত এই সবুজ পাতাফড়িং এর আক্রমণে টুংরো রোগ বেশী হতে দেখা যায়। পূর্ণবয়স্ক পোকাকালো ৩-৫ মিলিমিটার লম্বা এবং গায়ে উজ্জল সবুজ রঙের সাথে কালো দাগ দেখা যায়। এরা পাতার মধ্য শিরা বা পাতার খোলে ডিম পাড়ে।



চিত্র ১ : সবুজ পাতাফড়িং



চিত্র ২ : টুংরো আক্রান্ত জমি


এ পোকা এবং টুংরো থেকে ধান ফসল রক্ষার জন্য-

- টুংরো আক্রান্ত অঞ্চলের বীজতলায় চারার বয়স ১৫-২০ দিন এবং চারা রোপনের ২০-২৫ দিনের মধ্যে ২ কিস্তিতে মিপসিন ৭৫ডব্লিউপি কীটনাশক ১.১২ কেজি/হেক্টর মাত্রায় জমিতে প্রয়োগ করতে হবে
- রোগের প্রাথমিক অবস্থায় আক্রান্ত ধান গাছ তুলে মাটিতে পুঁতে ফেলুন
- আলোক ফাঁদ ব্যবহার করুন
- হাত জাল দিয়ে পোকা ধরে মেরে ফেলুন
- ডালপালা পুঁতে পোকা খেকো পাখির সাহায্যে দমন করার ব্যবস্থা করুন
- পোকাকার আক্রমণ অর্থনৈতিক ক্ষতির দ্বারপ্রান্তে পৌঁছেলে (হাতজালের প্রতি টানে যদি একটি সবুজ পাতাফড়িং পাওয়া যায় এবং আশেপাশে টুংরো রোগাক্রান্ত ধান গাছ থাকে) নিম্নলিখিত তালিকার যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় ব্যবহার করুন। লক্ষ্য রাখতে হবে একই গুপের কীটনাশক যেন বারবার ব্যবহার না হয়। তাই নিম্নের তালিকা অনুযায়ী কীটনাশক নির্বাচন করে প্রয়োগ করা যেতে পারে।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
এমআইপিপি	মিপসিন ৭৫ডব্লিউপি	১.১২ কেজি
কার্বোসালফান	মার্শাল ২০ইসি	১.০ লিটার
কার্টাপ	সানটাপ ৫০এসপি	১.২ কেজি
কারবারিল	সেভিন ৮৫এসপি	১.৭ কেজি
ক্লোরপাইরিফস	ডার্সবান ২০ইসি	১.০ লিটার

কীটতত্ত্ব বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর


০৩/১০/১৬
Head
Entomology Division
Bangladesh Rice Research Institute
Gazipur-1701